গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

পরিকল্পনা অধিশাখা

বিষয়ঃ কার্যক্রম বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন "ন্যাশনাল রেজিলিয়েন্স প্রোগ্রাম (প্রোগ্রামিং পার্ট)" শীর্ষক প্রকল্পের 'প্রজেক্ট স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) ৮ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সচিব, পরিকল্পনা বিভাগ |
| তারিখ ও সময় | : | ৩০ মে ২০২২, বেলা ১২.৪৫ |
| সভার স্থান | : | নবনির্মিত সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' দ্রষ্টব্য |

১.০ উপস্থাপনাঃ

১.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্ম-প্রধান ও প্রকল্প পরিচালক ২৮-০২-২০২২ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের ৭ম 'স্টিয়ারিং কমিটি' সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। তিনি বলেন, ২০২১-২২ অর্থবছরের মে, ২০২২ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত মোট ব্যয় হয়েছে ১২০২.৫৬ লক্ষ টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের ৭৩.৬৬%। ২০২১-২২ অর্থবছরে প্রকল্পের অনুকূলে আরএডিপি'তে ৩৫৮.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে, যার বিপরীতে মে ২০২২ পর্যন্ত ২৮০.১৬ লক্ষ টাকা ব্যয় হয়েছে (৭৮.২৬%)।

২.০ আলোচনাঃ

২.১ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে প্রকল্প পরিচালক বলেন যে, ৭ম পিএসসি সভার সিদ্ধান্ত অনুযায়ী এনআরপি প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত Digital Risk Information Platform (DRIP) সফটওয়্যারের নাম পরিবর্তন করে Disaster and Climate Risk Information Platform (DRIP) করা হয়েছে এবং DRIP সফটওয়্যার সম্পর্কে সম্যক ধারণা প্রদানের জন্য সংশ্লিষ্ট অংশীজনদের প্রশিক্ষণ প্রদানের অংশ হিসেবে গত ২১ এপ্রিল ২০২২ তারিখে পরিকল্পনা বিভাগের আওতায় বাস্তবায়নাধীন 'পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের কর্মকর্তা এবং কর্মচারিদের সক্ষমতা বৃদ্ধিকরণ' শীর্ষক প্রকল্পের সাথে যৌথভাবে কর্মশালা আয়োজন করা হয়। এছাড়া কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, সাধারণ অর্থনীতি বিভাগ, ভৌত অবকাঠামো বিভাগ এবং আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগে কর্মরত কর্মকর্তাদের নিয়ে Disaster Impact Assessment (DIA) টুলস এবং DRIP সফটওয়্যার সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে ৪টি কর্মশালা আয়োজন করা হয়।

২.২ DIA টুলস এবং DRIP সফটওয়্যারের বিষয়ে সরকারি কর্মকর্তাদের প্রশিক্ষণ অব্যাহত রাখা ও দক্ষতা অর্জনের লক্ষ্যে দেশের তিনটি জাতীয় প্রশিক্ষণ প্রতিষ্ঠান যথা- জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি, বিয়াম ফাউন্ডেশন এবং বিসিএস প্রশাসন একাডেমি'র সাথে MoU স্বাক্ষরের উদ্যোগ গ্রহণ করা হয়েছে যা বর্তমানে চূড়ান্ত পর্যায়ে রয়েছে। তিনি আরো বলেন, এনআরপি প্রকল্পের সহায়তায় জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি গত ১৮-২১ এপ্রিল ২০২২ তারিখে Risk Informed Development Planning বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করে। উল্লেখ্য, প্রকল্পের প্রশিক্ষণ ক্যালেন্ডার অনুযায়ী আগামী জুন-জুলাই, ২০২২ মাসে উল্লিখিত তিনটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের মাধ্যমে আরো ৫টি প্রশিক্ষণ কোর্স এবং পৃথক ১টি প্রশিক্ষক প্রশিক্ষণ (ToT) কোর্স আয়োজন করা হবে মর্মে তিনি জানান। প্রশিক্ষণার্থীগণ যাতে যথাসময়ে ও গুণগতমান বজায় রেখে প্রশিক্ষণ কোর্সের কার্যক্রম সম্পন্ন করতে পারে সে বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৩ সভায় উল্লেখ করা হয় যে, পরিকল্পনা কমিশনের ডিভিশনসমূহের কর্মকর্তাদের নিয়ে DIA ও DRIP সফটওয়্যার সম্পর্কে ৪টি অবহিতকরণ কর্মশালা আয়োজন করা হলেও শিল্প ও শক্তি বিভাগে এখনও এ বিষয়ে কর্মশালা আয়োজন করা যায়নি। শিল্প ও শক্তি বিভাগে কর্মরত কর্মকর্তাদের DIA ও DRIP সম্পর্কে অবহিতকরণের লক্ষ্যে কর্মশালা আয়োজনের নিমিত্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের লক্ষ্যে শিল্প ও শক্তি বিভাগে পুনরায় পত্র প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৪ প্রকল্প পরিচালক জানান যে, গত ১৭ মে ২০২২ তারিখে অনুষ্ঠিত জাতীয় অর্থনৈতিক পরিষদ (এনইসি) এর সভায় 'উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন' সম্পর্কিত নির্দেশিকাটি অনুমোদিত হয়। উক্ত নির্দেশিকায় DIA এবং DRIP ব্যবহারের মাধ্যমে উন্নয়ন প্রকল্প প্রণয়নে দুর্যোগের ঝুঁকি যাচাই করার বিষয়টি অন্তর্ভুক্ত করা হয়েছে। এ প্রসঙ্গে সভাপতি বলেন যে, উন্নয়ন প্রকল্প প্রণয়নে DIA এবং DRIP ব্যবহারের বিষয়টি সকল জেলা প্রশাসক-কে অবহিতকরণের জন্য মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের মাধ্যমে ডি.ও পত্র প্রেরণ করা হলে বিষয়টি আরো বেশি গুরুত্ব পাবে।

২.৫ অর্থনৈতিক সম্পর্ক বিভাগ (ইআরডি) এর প্রতিনিধি বলেন যে, ডিসেম্বর ২০২২ এ প্রকল্পটি সমাপ্তির জন্য নির্ধারিত আছে। এ প্রকল্পের আওতায় গৃহীত কার্যক্রমসমূহ অব্যাহত রাখার বিষয়ে কী ধরণের পরিকল্পনা অর্থাৎ exit plan গ্রহণ করা হয়েছে জানতে চাইলে প্রকল্প পরিচালক বলেন যে, এ প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত DIA টুলস, DRIP সফটওয়্যারসহ অন্যান্য কার্যাদি চলমান এবং টেকসই করার লক্ষ্যে একটি exit plan প্রস্তুত করা হয়েছে। এ পরিকল্পনা অনুযায়ী DRIP Operation and Maintenance এর দায়িত্ব পরিকল্পনা বিভাগের আইসিটি সেলকে প্রদান করা, তিনটি সরকারি প্রশিক্ষণ প্রতিষ্ঠানের (এনএপিডি, বিসিএস প্রশাসন একাডেমি ও বিয়াম) মাধ্যমে DIA and DRIP সহ Risk Informed Development Planning প্রশিক্ষণ অব্যাহত রাখা, পরিকল্পনা কমিশনের বিভিন্ন সেক্টর কর্তৃক ডিআইএ অনুশীলন এবং বাংলাদেশ ইকোনমিক জোন অথরিটি কর্তৃক বিজনেস কনটিনিউটি প্ল্যান প্রাতিষ্ঠানিকীকরণের কৌশল গ্রহণ করা হয়েছে।

২.৬ প্রকল্প পরিচালক সভায় উল্লেখ করেন যে, DRIP সফটওয়্যার পরিচালনার জন্য আইসিটি বিষয়ে পারদর্শী প্রয়োজনীয় জনবল নিয়োগের প্রস্তাব ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর DRIP সফটওয়্যার পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য রাজস্ব খাতে এ সংক্রান্ত কোডটি অন্তর্ভুক্তিসহ প্রয়োজনীয় বরাদ্দ নিশ্চিত করা প্রয়োজন মর্মে তিনি জানান। সভাপতি বর্ণিত সফটওয়্যারটি রক্ষণাবেক্ষণের লক্ষ্যে সংশ্লিষ্ট কোড উল্লেখপূর্বক উক্ত খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখার বিষয়ে পরিকল্পনা বিভাগের বাজেট শাখায় পত্র প্রেরণ এবং বিষয়টি ত্বরান্বিত করার নিমিত্ত প্রকল্প দপ্তরকে নিয়মিত যোগাযোগ রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।

২.৭ ইউএনডিপি'র প্রতিনিধি বলেন যে, এ প্রকল্পের ১ম পর্যায় ডিসেম্বর ২০২২ এ শেষ হবে। এনআরপি প্রকল্পের ২য় পর্যায়ের অর্থায়নের বিষয়ে উন্নয়ন সহযোগীগণ সম্মত আছেন। এ প্রসঙ্গে ইআরডি'র প্রতিনিধি বলেন যে, এনআরপি প্রকল্পের ২য় ফেইজ গ্রহণের বিষয়ে ইআরডি অবগত নয়। প্রকল্পের ২য় ফেইজ গ্রহণের পূর্বে ১ম পর্যায়ে বাস্তবায়িত প্রকল্পের মূল্যায়ন আইএমইডি কর্তৃক সম্পন্ন করা সমীচীন হবে মর্মে তিনি মত প্রকাশ করেন।

২.৮ সভায় জানানো হয়, প্রকল্পের আওতায় সম্পাদিত ২০১৯ ও ২০২০ সালের কার্যক্রমের ওপর FAPAD কর্তৃক অডিট পরিচালিত হয়। অডিট কার্যক্রম শেষে উত্থাপিত মোট ১৫টি আপত্তির মধ্যে এ পর্যন্ত ১৩টি আপত্তি নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট ২টি আপত্তি নিষ্পত্তির বিষয়ে সভাপতি পরিকল্পনা শাখাকে ত্রি-পক্ষীয় সভা আয়োজনের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.০ সিদ্ধান্তঃ সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

৩.১ উন্নয়ন প্রকল্প প্রণয়নে দুর্যোগ ঝুঁকি যাচাই এর জন্য Disaster Impact Assessment (DIA) টুলস এবং Disaster and Climate Risk Information Platform (DRIP) সফটওয়্যার ব্যবহারের বিষয়টি সকল জেলা প্রশাসক-কে অবহিতকরণের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগের মাধ্যমে ডি.ও পত্র প্রেরণের বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে;

৩.২ DRIP সফটওয়্যার রক্ষণাবেক্ষণের নিমিত্ত সংশ্লিষ্ট কোড উল্লেখপূর্বক উক্ত খাতে প্রয়োজনীয় বরাদ্দ রাখার লক্ষ্যে পরিকল্পনা বিভাগের বাজেট শাখায় পত্র প্রেরণ করতে হবে এবং বিষয়টি ত্বরান্বিত করার জন্য প্রকল্প দপ্তরকে নিয়মিত যোগাযোগ রাখতে হবে;

৩.৩ শিল্প ও শক্তি বিভাগ এর কর্মকর্তাদের জন্য DIA ও DRIP বিষয়ক অবহিতকরণ কর্মশালা আয়োজনের বিষয়ে শিল্প ও শক্তি বিভাগের নিকট পুনরায় পত্র প্রেরণ করতে হবে;

৩.৪ FAPAD কর্তৃক উত্থাপিত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির লক্ষ্যে পরিকল্পনা বিভাগের পরিকল্পনা শাখা ত্রিপাক্ষিক সভা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৪.০ অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৬/৬/২০২২
**(প্রদীপ রঞ্জন চক্রবর্তী)**
সচিব
পরিকল্পনা বিভাগ ও
সভাপতি
প্রজেক্ট স্টিয়ারিং কমিটি